সাবাস! সেটা তো খুব লাভজনক সম্পদ, সেটা তো খুব লাভজনক সম্পদ। তোমার কথা আমি শুনেছি। তবে আমি ভাল মনে করছি সেটা তুমি নিকট আত্মীয়দের মধ্যেই বণ্টন কর।

আনাস রাদিয়াল্লাহু ‘আনহু কর্তৃক বর্ণিত, তিনি বলেন, মদীনার আনসারীগণের মধ্যে আবূ তালহা রাদিয়াল্লাহু ‘আনহু সবচেয়ে অধিক খেজুর-বাগানের মালিক ছিলেন। মসজিদে নববীর নিকটবর্তী বায়রুহা নামক বাগানটি তাঁর কাছে অধিক প্রিয় ছিল। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর বাগানে প্রবেশ করে সুপেয় পানি পান করতেন। আনাস রাদিয়াল্লাহু ‘আনহু বলেন, যখন এ আয়াত অবতীর্ণ হল; যার অর্থ, ‘‘তোমরা কখনও পুণ্য লাভ করতে পারবে না, যতক্ষণ না তোমাদের প্রিয় জিনিস আল্লাহর পথে ব্যয় করেছ।’’ [আলে ইমরান, আয়াত:৯২] তখন আবূ তালহা রাদিয়াল্লাহু ‘আনহু আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট গিয়ে বললেন, ‘ইয়া রাসূলুল্লাহ! আল্লাহ আপনার উপর (আয়াত) অবতীর্ণ করে বলেছেন, ‘‘তোমরা কখনও পুণ্য লাভ করতে পারবে না, যতক্ষণ না তোমাদের প্রিয় জিনিস আল্লাহর পথে ব্যয় করেছ।’’ আর বায়রুহা বাগানটি আমার নিকট সবচেয়ে প্রিয়। এটি আল্লাহর নামে সদকাহ করা হল। আমি এর কল্যাণ কামনা করি এবং তা আল্লাহর নিকট আমার জন্য জমা হয়ে থাকবে। কাজেই আপনি যাকে দান করা ভাল মনে করেন, তাকে দান করে দিন।’ তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, ‘‘আরে! এ হচ্ছে লাভজনক সম্পদ। এ হচ্ছে লাভজনক সম্পদ। তুমি যা বলেছ, তা শুনেছি। আমি মনে করি, তুমি তোমার আপন-জনদের
মধ্যে তা বণ্টন করে দাও।’’ আবূ তালহা রাদিয়াল্লাহু ‘আনহু বললেন, ‘ইয়া রাসূলাল্লাহ!
আমি তাই করব।’ তারপর তিনি তাঁর আত্মীয়-স্বজন, আপন চাচার বংশধরদের মধ্যে তা বণ্টন করে দিলেন।
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

আবু তালহা রাদিয়াল্লাহু আনহু মদীনার আনসারদের মধ্যে সবচেয়ে বেশী কৃষী জমির মালিক ছিলেন। তার একটি বাগান ছিল মসজিদের কিবলার দিকে। তাতে সুমিষ্ট পানিও ছিল। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সেখানে যেতেন ও তার পানি পান করতেন। যখন আল্লাহর বাণী: {حتى البر تنالوا لن حبونُت مما قواُفِنُت” {তোমরা কখনো কল্যাণ ও নেকি পাবে না, যতক্ষণ না তোমরা তোমাদের পছন্দনীয় সম্পদ থেকে খরচ না কর।” (সূরা আলে-ইমরান, আয়াত: ৯২) নাযিল হল, তখন আবু তালহা দ্রুত সবার আগে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের নিকট উপস্থিত হল এবং বলল, হে আল্লাহর রাসূল, সবচেয়ে নিকট আমার করেছেন।আর নাযিল} لن تنالوا البر حتى تُنِفُقوا مما تُحبون} : বাণী বীয়্স তো লাহ্আল প্রিয় বাগান হচ্ছে বায়রুহা। বায়রুহা তার প্রিয় বাগানটির নাম। এই বায়রুহাকে সাদকা স্বরূপ আল্লাহ ও তার রাসূলের সামনে পেশ করছি। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মুগ্ধ হয়ে বললেন। বাহ! বাহ! সেটি তো লাভজনক সম্পদ, সেটি তো লাভজনক সম্পদ। আমি পরামর্শ দিচ্ছি যে, এটা তুমি তোমার আত্মীয়দের ভেতরই সাদকা করে দাও। অত:পর তিনি তার নির্দেশ মোতাবেক তার আত্মীয় ও চাচাতো ভাইদের মধ্যে সেটি বণ্টন করে দিলেন।

http://www.sunnah.global/hadeeth/bn/show/4290